# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ তেলাঅতের সিজদায়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তেলাঅতের সিজদায়

১।

سَجَدَ وَجْهِي لِلَّذِي خَلَقَهُ، وَشَقَّ سَمْعَهُ وبَصَرَهُ، بِحَوْلِهِ وَقُوَّتِهِ

উচ্চারণ- সাজাদা অজহিয়া লিল্লাযী খালাক্বাহু অশাক্বক্বা সামআহু অবাস্বরাহু বিহাউলিহী অকুউওয়াতিহ।

অর্থঃ আমার মুখমণ্ডল তার জন্য সিজদাবনত হল যিনি ওকে সৃষ্টি করেছেন এবং স্বীয় শক্তি ও ক্ষমতায় ওর চক্ষু ও কর্ণকে উদগত করেছেন। (আদা, সঃতিঃ ৪৭ ৪ নং, আহমদ ৬/৩০)।

আবু দাউদের বর্ণনায় আছে, এই দুআ সিজদায় একাধিকবার পাঠ করতে হয়।

২।

اللهمَّ اكتُبْ لي بها عندك أجراً ، وضَـعْ عني بها وِزْرا ، واجعلها لي عندك ذُخْراً ، وتقبـَّلْها مني كما تقبـَّلْـتَها مــن عبدِك داود

উচ্চারণঃ- আল্লাহুম্মাকতুব লী বিহা ইনদাকা আজরা, অয!‌ আন্নী বিহা বিযরা, অজআলহা লী ইন্দাকা যুখরা, অতাক্বাব্বালহা মিন্নী কামা তাক্বাব্বালতাহা মিন আবদিকা দাউদ।

অর্থঃ হে আল্লাহ! এর (সিজদার) বিনিময়ে তোমার নিকট আমার জন্য পুণ্য লিপিবদ্ধ কর, পাপ মোচন কর, তোমার নিকট এ আমার জন্য জমা রাখ এবং এ আমার নিকট হতে গ্রহণ কর যেমন তুমি তোমার বান্দা দাউদ (4) থেকে গ্রহণ করেছ। (সঃ তিঃ ৮৭নং হাকেম ১/২১৯, ইবনে মাজাহ ১০৫৩ নং)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11705

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন